



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নম্বর-বিঅ-৬/৩৭২১/৩৬৯

তারিখ : ১৫-০৬-২০২৩ খ্রি.

বিষয় : অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষক এর ০৬-০৬-২০২৩ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন রাডুলী ভূনব মোহিনী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষক চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আরশাদ আলী বিশ্বাস-এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া লিপি সংযুক্ত :

জেলা শিক্ষা অফিসার  
খুলনা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাক্ষরিত  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
ফোন : ০২৪৭৭৬২৭০৫


স্মারক নং-বিঅ-৬/৩৭২১/৩৬৯(১-৭)

তারিখ : ১৫-০৬-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি  
রাডুলী ভূনব মোহিনী মাধ্যমিক বালিকা বিদ্যালয়, পাইকগাছা, খুলনা
- ৬। প্রধান শিক্ষক  
রাডুলী ভূনব মোহিনী মাধ্যমিক বালিকা বিদ্যালয়, পাইকগাছা, খুলনা
- ৭। সংরক্ষণ নথি।

তদন্ত কাজের সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

  
১৫/০৬/২৩  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
  
১৫/০৬/২৩

# রাড়ুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়

সম্ভাপিত-১৮৫০ ইং

ডাকঘর : রাড়ুলী, উপজেলা- পাইকগাছা, জেলা- খুলনা।

(বিদ্যালয় কোড : ৩৭২১)

EIIN NO- 117249

স্মারক নং-

তারিখ : ০৬/০৬/২০

বরাবর,

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,

যশোর।

বিষয় : রাড়ুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আরশাদ আলী বিশ্বাস কয়েকজন লোক নিয়ে বিদ্যালয়ের অফিস কক্ষে প্রবেশ করে আমার উপর হামলা চালিয়ে লাঞ্চিত করার অভিযোগ প্রসঙ্গে।


জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী পাইকগাছা উপজেলার রাড়ুলী ভুবনমোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। আমি দীর্ঘদিন যাবৎ অত্র বিদ্যালয়ে সুনাম ও দক্ষতার সাথে আমার উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছি। বিদ্যালয়ের বর্তমান সভাপতি মোঃ আরশাদ আলী বিশ্বাস ম্যানেজিং কমিটির দায়িত্ব পাওয়ার পর থেকে আমার উপর অ-নৈতিকভাবে বিভিন্ন চাপ দিয়ে আসছে। যার মধ্যে তিনি বিদ্যালয়ে নিয়ম বহির্ভূত ভাবে শিক্ষক-কর্মচারি নিয়োগ দেওয়ার নামে আমাকে মিটিং এর আহ্বান করতে বলে। কিন্তু বিদ্যালয়ে বিভিন্ন বিষয় নিয়ে আদালতে মামলা চলমান থাকায় এ বিষয়ে মিটিং করতে রাজি না হওয়ায় তিনি আমার উপর ক্ষিপ্ত থাকেন। এক পর্যায়ে আমি বলি উপজেলা নির্বাহী অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছ থেকে যেনে মিটিং ডাকার সিদ্ধান্ত নেয়া হবে। এ সময় তিনি বলেন আমি সভাপতি, আমি যা বলব সেভাবেই কাজ করতে হবে। না হলে আমাকে তুই-তুকারি করে বলে চাকরি ছেড়ে চলে যা। কিন্তু এরপর ও মিটিং না ডাকায় সভাপতি আমাকে অদ্য ইং- ০৫/০৬/২০২৩ তারিখ, রোজ- সোমবার, আনুঃ- বেলা সাড়ে ১১ টার দিকে বিদ্যালয় চলাকালীন সময় আমার অফিস কক্ষে সভাপতি কয়েক জন বখাটে যুবক নিয়ে প্রবেশ করে। এখনও পর্যন্ত কেন মিটিং ডাকা হয় নাই। এই বলে আমার কাছে রেজুলেশন খাতা ও নোটিশ বহি চায়। আমি দিতে রাজি না হওয়ায় কোন কিছু বুঝে ওঠার আগে সভাপতি আমাকে শারিরীকভাবে লাঞ্চিত করে ও কানধরে চেয়ার থেকে উঠিয়ে গলা ধাক্কা দিয়ে বের করে দেয়। তার সাথে থাকা অন্যরা অকথ্য ভাষায় গালি-গালাজ করে ও আমার কাছে থাকা আমার ব্যাগ কেড়ে নেয়। যার মধ্যে বিভিন্ন প্রয়োজনীয় কাগজপত্র, আলমারির চাবি ও নগদ টাকা ছিল। আমি জানমালের ও অফিসের জিনিস পত্রের ক্ষয় ক্ষতির আশংকা করছি।

অতএব মহোদয় সমীপে প্রার্থনা আমি যাতে এর সুষ্ঠু ন্যয় বিচার ও প্রতিকার পেতে পারি তার বিহিত ব্যবস্থা করতে জনাবের মর্জি হয়।

তাং- ০৫/০৬/২০২৩ ইং।

বিনীত নিবেদক



সোভান মাহমুদ  
পাঠান শিক্ষক  
রাড়ুলী ভুবন মোহিনী বালিকা মাধ্যমিক বিদ্যালয়  
পাইকগাছা উপজেলা, খুলনা  
ইনভেস্ট নং-০১২৭২১